দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 2 SEP 2012 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ২ ...

৮ দফা দাবিতে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের মাসব্যাপী কর্মসূচি ঘোষণা

■ চুয়াডাঙ্গা প্রতিনিধি

গতকাল শনিবার চুয়াডাঙ্গায় জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট জেলা শাখা ৮দফা দাবিসম্বলিত মাসব্যাপী কর্মসূচি ঘোষণা করে। সংগঠনের জেলা, আহ্বায়ক অধ্যাপক লুতফর রহমান স্থানীয় একাডেমি শিক্ষাঙ্গনে সাংবাদিক সম্মেলনে এই কর্মসূচি ঘোষণা করেন।

গতকাল ১লা সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত ঘোষিত কর্মসূচিতে ৮দফা দাবিগুলো হল- সাংবাদিক সম্মেলন, উপজেলায় উপজেলায় সাংগঠনিক সফর, মিছিল-সমাবেশ সহকারে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী বরাবরে দাবিযুক্ত স্মারকলিপি প্রদান ও এসএমএস প্রেরণ, জেলা ও উপজেলা সদরে শহীদ মিনার ও শহীদ স্মৃতিসৌধে অবস্থান ধর্মঘট ও প্রতীক অনশন পালন এবং সকল বিভাগীয় শহর ও রাজধানী ঢাকায় জাতীয় মহাসমাবেশ পালন।

রংপুর দক্ষিণ প্রতিনিধি জানান, আগামী ৩ সেপ্টেম্বরের মধ্যে বেসরকারি স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীদের দাবি মেনে নেয়া না হলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অবিরাম ধর্মঘটসহ বৃহত্তর আন্দোলনের হুমকি দিয়েছে রংপুর জেলা জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট। গতকাল শনিবার রংপুর পাবলিক লাইব্রেরী হলরুমে এক সংবাদ সম্মেলনে এ হুমকি দেন শিক্ষক নেতারা।

সংবাদ সম্মেলনে বলা হয়েছে, সরকার শিক্ষক-কর্মচারীদের বেতন রাজস্ব খাতে হস্তান্তর শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে জনবলসহ অবকাঠামোর উন্নয়ন, এমপিওভুক্তিকরণসহ ৮ দফা দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন সংগ্রাম করে আসছে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের সভাপতি/অধ্যক্ষ মনোয়ার হোসেন, আব্দুল বারি, মশিউর রহমান, মো. খায়রুজ্জামান, রফিকুল ইসলাম, আব্দুর রউফ, নরুল আমীন প্রমুখ।

ময়মনসিংহ প্রতিনিধি জানান, ময়মনসিংহে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট শিক্ষা জাতীয়করণের লক্ষ্যে ৮ দফা দাবিতে শনিবার দুপুরে ময়মনসিংহ প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলন করে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য রাখেন বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি এ এস মিজবাহ উদ্দিন আহমেদ রেনু। সংবাদ সম্মেলনে এ সময় বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সম্পাদক অধ্যাপক মানিক লাল সাহা, বাংলাদেশ শিক্ষক সমিতির সম্পাদক জি এম এম মোফাজ্জেরুর রহমান মঞ্জু, সাংগঠনিক সম্পাদক খন্দকার সুলতান আহমেদ, বাংলাদেশ শিক্ষক সমিতির সদরের সভাপতি আব্দুর রহমান, সম্পাদক আলাল উদ্দিন ও শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের সভাপতি আব্দুর রহমান উপস্থিত ছিলেন।